টেলিফোনে মাসিক ১৫০ টাকায় যতখুশি কথা বলা যাবে

মোবাইল ফোনের তীব্র প্রতিযোগিতায় এবার নতুন সিদ্ধান্তে এলো বাংলাদেশের সরকারি টেলিফোন সংস্থা বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল)।

মাসে মাত্র ১৫০ টাকায় যত খুশি তত কত কথা বলা যাবে। এ জন্য অতিরিক্ত কোনো চার্জ দিতে হবে না। টেলিফোনে স্বল্প টাকায় অফুরন্ত কথা বলার পাশাপাশি বিটিসিএল ফোনের লাইনরেন্ট বাতিল হচ্ছে।

এছাড়া বিটিসিএল থেকে অন্য যে কোনো অপারেটরে ৫২ পয়সা মিনিট কলচার্জ নির্ধারণ বিষয়ে সিদ্ধান্ত হয়েছে। ঈদের পর আগামী ১৬ আগস্ট থেকে বিটিসিএল এই নির্দেশনা কার্যকর করবে।

বুধবার সচিবালয়ে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তাফা জব্বারের সভাপতিত্বে সচিবালয়ে এক বৈঠকে এ সিদ্ধান্ত গৃহীত হয়। মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বর্তমানে বিটিসিএলের ফোনের মাসিক লাইন রেন্ট ঢাকা, চট্টগ্রাম ও খুলনায় ১৬০ টাকা, অন্য জেলা শহরে ১২০ এবং উপজেলায় ৮০ টাকা ছিল।

বিটিসিএল থেকে বিটিসিএলে কলরেট সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত ৩০ পয়সা এবং বাকি সময় ১০ পয়সা। বর্তমানে বিটিসিএল থেকে অন্য যে কোনো অপারেটরে চার্জ ৮০ পয়সা। বর্তমানে বিটিসিলের গ্রাহক সংখ্যা ছয় লাখের মতো।

বৈঠকে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব অশোক কুমার বিশ্বাস এবং বিটিসিএল ব্যবস্থাপনা পরিচালক ইকবাল মাহমুদসহ ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং বিটিসিএলের ঊর্ধ্বতন কর্মকর্তারা বৈঠকে উপস্থিত ছিলেন।